

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮৯৫

৯/ বিবাহ (১১১। (১১১)

পরিচ্ছেদঃ ৯/২০. বিবাহের ঘোষণা।

بَابِ إِعْلَانِ النِّكَاحِ

আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيِّ الْجَهْضَمِيُّ وَالْخَلِيلُ بْنُ عَمْرٍ قَالَا حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ عَنْ خَالِدِ بْنِ إِلْيَاسَ عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ الْقَاسِمِ عَنْ عَائِشَةَ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ أَعْلِنُوا هَذَا النِّكَاحَ وَاضْرِبُوا عَلَيْهِ بِالْغِرْبَالِ

বাংলা

১/১৮৯৫। 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা এই বিবাহের ঘোষণা দাও এবং তাতে দফ বাজাও।

English

It was narrated from 'Aishah:

that the Prophet said: "Announce this marriage, and beat the sieve for it."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়াহ ১৯৯৩, যঈফাহ ৯৮২।

তাহকীক আলবানীঃ প্রথম অংশ, হাসান, দ্বিতীয় অংশ, মুনকার। উক্ত হাদিসের রাবী খালিদ ইবনুল ইয়াস সম্পর্কে আবু বকর আল-বাযযার বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি দুর্বল। ইমাম তিরমিযি বলেন, তিনি আহলে ইলমদের নিকট দুর্বল। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যার সাথে অভিযুক্ত। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়, তার থেকে হাদিস গ্রহন করা যাবে না। ইমাম যাহাবী ও মুহাম্মাদ বিন আম্মার তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৫৯৬, ৮/২৯ নং পৃষ্ঠা)



হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন